সাইবার অপরাধ দমাতে তৎপর পুলিশ, অভিভাবকেরও দায়িত্ব রয়েছে

ফেসবুক, ইমোসহ বিভিন্ন সামাজিক যোগাযোগ মাধ্যমকে হাতিয়ার হিসেবে ব্যবহার করে বর্তমান সময়ে সাইবার অপরাধ বাড়ছে। সামাজিক বিভিন্ন শালিসের বিষয়বস্তুই হচ্ছে সামাজিক যোগাযোগ মাধ্যমগুলোকে নিয়ে। মানুষের ব্যক্তিগত তথ্য, উপাত্ত, আপত্তিকর কনটেন্ট প্রকাশ করার হুমকি দিয়ে ব্ল্যাকমেইল করে এ ধরণের অপরাধ করছে এক শ্রেণীর অপরাধীরা।

দ্রুত এ ধরণের অপরাধ নিয়ন্ত্রণ করতে হবে আইন শৃঙ্খলা বাহিনীকে। একই সঙ্গে অভিভাবকদের এ বিষয়টি গুরত্ব সহকারে নিয়ে কিশোর সন্তানদের নজরে রাখতে হবে।

সাইবার অপরাধের সূত্র ধরে সম্প্রতি একটি বেসরকারি বিশ্ববিদ্যালয়ের তিন শিক্ষার্থীকে আটক করে আইন শৃঙ্খলা বাহিনী। এরা আন্তর্জাতিক ডার্কসাইটের নিবন্ধনকৃত সদস্য। তারা কিশোরী মেয়েদের ফুসলিয়ে তাদের কাছে থেকে পর্ণোগ্রাফির কনটেন্ট সংগ্রহ করে ওই ডার্কসাইটগুলোতে দেয়। না দিলে তাদের পরিচয় ফাঁস করে দেওয়া হবে হুমকি দেওয়া হয় সাইটগুলো। যে ভয়ে তারা এ ধরণের অপরাধ গুলো করতো বলে আইনশৃঙ্খলা বাহিনীকে স্বীকরোক্তী দিয়েছে।

বিশেষ করে মানসিকভাবে বিকৃত শ্রেণীর অপরাধীরা এই ধরণের সামাজিক যোগাযোগ মাধ্যমগুলোকে বেছে নিয়ে তার অপব্যবহারের মাধ্যমে অন্যকে বিব্রত করে। এদেরকে আইনের আওতায় নিয়ে আসতে হবে, সামাজিক ভাবেও বর্জন করতে হবে। পাশাপাশি এ ধরণের অপরাধে যাতে অন্যরা না জড়িয়ে পড়ে সেক্ষেত্রে সামাজিক সচেতনতা বৃদ্ধি করতে হবে।

সাইবার অপরাধ নিয়ন্ত্রণে কঠোর না হলে পরিস্থিতি ভয়াবহ হবে। করোনা কালে স্কুল-কলেজ বন্ধ থাকায় কিশোর কিশোরীরা ইন্টারনেটের প্রতি ঝুকে পড়েছে। তাদের নজরে রাখার পাশাপাশি ইন্টারনেট ব্যবহারের সময়সীমা বেঁধে দিতে হবে। আর এ কাজটি সবার আগে করতে হবে অভিভাবকদের।

সাইবার অপরাধ দমনে ইতোমধ্যে বাংলাদেশ পুলিশ রাজধানীতে একটি

সাইবার থানা প্রতিষ্ঠা করার উদ্যোগ নিয়েছে। পরবর্তিতে বিভাগীয় পর্যায়ে এ ধরণের সাইবার থানা প্রতিষ্ঠা করা হবে বলে জানানো হয়েছে। সাইবার থানায় যে সকল কর্মকর্তা ও পুলিশ সদস্যরা দায়িত্ব পাবেন তাদের সকলেই সাইবার অপরাধ নিয়ে বিদেশ থেকে প্রশিক্ষণ গ্রহণ করেছেন। ফলে ভুক্তভোগীরা সরাসরি সাইবার থানায় অভিযোগ করে দ্রুত সমস্যার সমাধান পাবেন।

এছাড়াও প্রতিটি থানাতে সাইবার থানার হট লিংক স্থাপন করতে হবে যাতে ভুক্তভোগীরা দ্রুত এ সমস্যার সমাধান পায় এবং হয়রানি থেকে বাঁচতে পারে।

কালীগঞ্জে বিদ্যুৎস্পৃষ্ট হয়ে যুবকের মৃত্যু

ঝিনাইদহের কালীগঞ্জে ফয়লা মাস্টারপাড়া এলাকায় রুহুল আমিন (২৫) নামে এক যুবক বিদ্যুৎ স্পৃষ্ট হয়ে মারা গেছেন।

তার গ্রামের বাড়ি সাতক্ষীরা শ্যামনগর উপজেলায় সে দীর্ঘ দিন যাবৎ কালীগঞ্জ এলাকায় গাড়ির ড্রাইভারি কাজ করে আসছিল।

আজ সন্ধ্যা ৭ টার দিকে শহরের নলডাঙ্গা স্টান্ড এলাকায় দূর্গা পূজার শুভেচ্ছা পোস্টার ব্যানার টানানোর সময় ২য় তলার ছাদ থেকে পা পিছলে পড়ে বৈদ্যুতিক তারের স্পর্শে এসে বিদ্যুৎ স্পৃষ্ট হয়।

তাকে কালীগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিলে চিকিৎসা অবস্থায় মারা যায়।

কালীগঞ্জ থানার এস আই ও ঘটনার তদন্ত কর্মকর্তা জানান, মৃতদেহ পরিবারের কাছে হস্তান্তরের প্রক্রিয়া চলছে এবং কালীগঞ্জ থানায় একটি অপমৃত্যু মামলা দায়ের করা হয়েছে।

ইসলামিক ইউনিভার্সিটি স্টুডেন্টস এ্যাসোসিয়েশন অব আলমডাঙ্গা‘র সূচনা ও মিলনমেলা

ইসলামিক ইউনিভার্সিটি (ইবি) স্টুডেন্টস এ্যাসোসিয়েশন অব আলমডাঙ্গা’র সুভ সূচনা ও মিলনমেলা অনুষ্ঠিত হয়েছে।

শনিবার দুপুরে আলমডাঙ্গা থানাপাড়া কমিউনিটি সেন্টারে বিশ্ববিদ্যালয়ের সাবেক ও বর্তমান শিক্ষার্থীরা অসাধারণ এই অনুষ্ঠানের আয়োজন করে। এতে করে ইসলামী বিশ্ববিদ্যালয়ে আলমডাঙ্গা উপজেলার শিক্ষার্থীদের জন্য ইবির ক্যাম্পাসে নিজেদের একটি প্লাটফর্ম তৈরী হবে।

মিলনমেলায় সাবেকদের মধ্যে উপস্থিত ছিলেন ইসলামী বিশ্ববিদ্যালয়ের ফুড এন্ড নিউট্রিশন বিভাগের সহকারী অধ্যাপক আলমডাঙ্গার সন্তান সাবেক ইবিয়ান মোমিনুল ইসলাম, আলমডাঙ্গা উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান এ্যাড, খন্দকার সালমুন আহমেদ ডন, আলমডাঙ্গা সরকারী কলেজের প্রভাষক আব্দুল হাই, ইংরেজী বিভাগের প্রভাষক আমিরুল ইসলাম, কুষ্টিয়া সরকারী সেন্ট্রাল কলেজের সহকারী অধ্যাপক মফিজ উদ্দিন, নিগার সিদ্দিক কলেজের প্রভাষক শাহীন সাহিদ, হাসানুজ্জামান হাসান, আব্দুল খালেক, মোল্লা ফারুক এলাহী, আশীষ সরকার, রাকিবুল ইসলাম, সিদ্দিকুর রহমান বকুল।

বর্তমান শিক্ষার্থী সজল আহমেদ টগর, রাতুল ইসলাম, সাইফুল ইসলাম, কামরুল হাসান অনিক, কামরুজ্জামান টিপু, আসিফ আলিফ, বিপ্লব হোসেন, সাব্বির হোসেন, সজল, মুনমুন আহমেদ, আরাবী আফরিন মৌ, সুরাইয়া তাসনিম তুর্শিনা ও মুশফিকা খানম আদিবাসহ নতুন ইবিয়ানদের উদ্যেগে সাবেকদের নিয়ে এই অভুতপূর্ব মিলনমেলা গড়ে তোলেন ভাইস চেয়ারম্যান খন্দকার সালমুন আহমেদ ডন।

মেহেরপুর স্টুডেন্ট ডেভেলপমেন্ট অ্যাসোসিয়েশনের চড়ুইভাতি ও কমিটি গঠন

মেহেরপুর স্টুডেন্ট ডেভলপমেন্ট অ্যাসোসিয়েশন পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় শাখার চড়ুই ভাতি অনুষ্ঠান ও নতুন কমিটি ঘোষনা করা হয়েছে। শুক্রবার সারাদিন ভাটপাড়া ইকো পার্কে মেহেরপুর স্টুডেন্ট ডেভলপমেন্ট অ্যাসোসিয়েশন (মেসডা) চড়ুইভাতির আয়োজন করে।

চড়ুইভাতি শেষে ঐদিন বিকেলে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।এ সময় ফারজানা বৃষ্টি কে সভাপতি ও আদিয়াতুল ইসলাম লিজন কে সাধারণ সম্পাদক মনোনীত করে নতুন কমিটি ঘোষনা করে এ ছাত্র সংগঠনটি।

উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর সরকারি কলেজের রাষ্ট্রবিজ্ঞান বিভাগের সহযোগী অধ্যাপক আব্দুল্লাহ আল আমিন ধুমকেতু।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পাবনা সরকারি এডওয়ার্ড কলেজের প্রভাষক সারোয়ার হোসেন। অনুষ্ঠানে মেহেরপুর জেলার বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রীবৃন্দ অংশগ্রহণ করেন।

কোটচাঁদপুরে স্ত্রীর সাথে ঝগড়া করে স্বামীর আত্মহত্যা

ঝিনাইদহের কোটচাঁদপুরে পারিবারিক কলহের জেরে স্ত্রীর সাথে ঝগড়া করে সুজন হালদার (৩২) নামে এক লেবার শ্রমিক গলায় ফাঁস দিয়ে আত্মহত্যা করেছে।

শনিবার সকালে শহরের সলেমানপুর পালপাড়া এলাকার একটি বাগান থেকে তার ঝুলন্ত মরদেহ উদ্ধার করে পুলিশ। নিহত শ্রমিক চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার ডুগডুগি গ্রামের বুদো হালদারের ছেলে।

খবর পেয়ে ঘটনাস্থল পরিদর্শন করেছেন অতিরিক্ত পুলিশ সুপার (কোটচাঁপুর সার্কেল) মোহাইমিনুল ইসলাম, থানার অফিসার ইনচার্জ মাহবুবুল আলম।

পুুলিশ জানায়, সুজন হালদারের সঙ্গে ৮/৯বছর পূর্বে কোটচাঁদপুর শহরের সলেমানপুর পাল পাড়ার মৃত অর্জুন এর মেয়ে রুপার বিবাহ হয়। বৈবাহিক সূত্রে সুজন শশুরালয়ে থেকে লেবার শ্রমিকের কাজ করতেন। অভাবের সংসারে স্বামী-স্ত্রীর মধ্যে প্রায়ই ঝগড়া বিবাদ হতো। ফলে গত ৫/৬দিন পূর্বে এক সন্তানের জননী স্ত্রী রুপা স্বামীকে ডিভোর্স দেয়।

শনিবার রাতে সুজন স্ত্রীর সাথে দেখা করতে তার বাড়িতে যায়। পরে রাতের কোন এক সময় সে অভিমান করে গলায় ফাঁস দিয়ে আত্মহত্যা করেছে। খবর পেয়ে পুলিশ ঘটনাস্থল থেকে মরদেহ উদ্ধার করে ময়না তদন্তের জন্য ঝিনাইদহ সদর হাসপাতালে পাঠায়।

কালীগঞ্জ পৌর ব্যবসায়ী মালিক সমিতির সাধারণ সভা অনুষ্ঠিত

ঝিনাইদহের কালীগঞ্জ পৌর ব্যবসায়ী মালিক সমিতির আহবায়ক কমিটির সাধারণ সভা ও করোনায় ব্যবসায়ীদের সুরক্ষা নিয়ে আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। সংগঠনের কার্যালয়ে ইমদাদুল ইসলাম ইনতার সভাপতিত্বে ব্যবসায়ীদের স্বার্থ সংশ্লিষ্ট বিষয় নিয়ে সংগঠনের আহবায়ক কমিটির নেতৃবৃন্দ ও ব্যবসায়ীরা মতবিনিময় করেন।

সভায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন কালীগঞ্জ পৌরসভার মেয়র আশরাফুল আলাম আশরাফ । বক্তারা সংগঠনের নিতীমালা, কার্যক্রম সহ বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করেন।

এ সময় উপস্থিত ছিলেন কমিটির আহবায়ক মনিরুল ইসলাম, লাইজু ফুয়েল এজেন্সি ও কালীগঞ্জ পরিবেশক সমিতির সভাপতি সদর উদ্দিন, দৈনিক নবচিত্রের সম্পাদক ও প্রকাশক আলহাজ্ব শহিদুল ইসলাম, তুষার ইলেকট্রনিক্স এর ইনতাদুল হক, সাইদুর রহমান কেরু, প্রেসক্লাব কালীগঞ্জের সদস্য সাইদুজ্জামান সবুজ, এ্যামস ফুটওয়ারের ওবায়দুল হক রাসেল, আয়েশা ট্রেডার্সের সাহেদ কবির লিমন, হাবিব হার্ডওয়্যার এর আব্দুর রউফ সহ কালীগঞ্জ বাজারের সর্বস্তরের ব্যবসায়ীরা। এসময় উপস্থিত ব্যবসায়ীরা নির্বাচনের মাধ্যমে ব্যবসায়িক নেতা নির্বাচনের জন্য আহবান জানান এবং সংগঠনকে শক্তিশালী করার দৃঢ় প্রতিশ্রুতি ব্যাক্ত করেন।

উল্লেখ্য, কিছুদিন পূর্বে কালীগঞ্জ উপজেলা ব্যবসায়ী সমিতি আত্মপ্রকাশ করে যার কারনে কালীগঞ্জ বাজার ব্যবসায়ী সমিতির সাথে মুখোমুখি অবস্থানে যায় সমিতি দুইটি, পরবর্তীতে ঝিনাইদহ ৪ আসনের সাংসদ আনোয়ারুল আজীম আনার এর মধ্যস্থতায় পুর্ববর্তী কমিটি গুলো বিলুপ্ত ঘোষনা করে কালীগঞ্জ পৌর ব্যবসায়ী সমিতি গঠন করে।

জীবননগরে শিকড় সমাজ কল্যাণ সংস্থার উদ্যোগে নানা কর্মসূচি বাস্তবায়ন

আবারও চকম লাগালেন জীবননগরে সেচ্ছাসেবী সংগঠন শিকড় সমাজ কল্যাণ সংস্থার উদ্যোগে পরিস্কার,পরিছন্ন মডেল সাওতাল পল্লী ঘোষনা করে।

শনিবার শিকড় সমাজ কল্যাণ সংস্থার আয়োজনে সকাল থেকে সন্ধা পর্যন্ত জীবননগর উপজেলার বাঁকা ইউনিয়নের পাথিলা নারিকেল বাগান সাওতাল পল্লী পরিস্কার পরিছন্ন করা, বাল্য বিবাহ প্রতিরোধে সংগঠনের সদস্যদের উদ্যোগে সচেতনামূলক নাটক, বৃক্ষ রোপন, বাঁশের তৈরি ডাস্টবিন সহ নানা ধরনের কার্যক্রম অনুষ্ঠিত হয়।

পরবতীতে সাওতাল পল্লী সদস্যদের নিয়ে বাড়ি ঘর পরিস্কার পরিছন্নতা

প্রতিযোগিতায় বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়।

সেচ্ছাসেবী সংগঠন শিকড় সমাজ কল্যাণ সংস্থার জীবননগর উপজেলা শাখার সভাপতি তুহিনুজ্জামানের সভাপতিত্বে পরিস্কার-পরিছন্ন প্রতিযোগিতায় বিজয়ীদের মাঝে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে পুরস্কার তুলেদেন জীবননগর উপজেলা নির্বাহী অফিসার এস এম মুনিম লিংকন।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, জীবননগর থানার ভারপ্রাপ্ত কমকর্তা ওসি সাইফুল ইসলাম, উপজেলা জনস্বাস্থ্ অধিদপ্তরের সহকারী প্রকৌশলী রাজিব হোসেন, শিক্ড় সমাজ কল্যাণ সংস্থার চুয়াডাঙ্গা জেলা সভাপতি সাব্বির সামি মুহিত, সহ-সভাপতি চাষী রমজান, সদস্য হোসাইন আহম্মেদ, ইয়ুথ এ্যাসেম্বলীর এর জীবননগর উপজেলা সমন্বয়কারী আসাদুজ্জামান লিটনসহ উপস্থিত ছিলেন, শিকড় সমাজ কল্যাণ সংস্থার সাধারণ সম্পাদক লাবনী, নিশান, কবির আল চপল, রমজান আলী, সাদিয়া, রিয়াজ স্বণা, মিম, জাহিদ, ফরহাদ, বাপ্পি, হাসান, শিলা, ওমর আলী, মুন, সোহাগ, আব্দুল্লাহ, শাকিল, আঃ রহিম প্রমুখ।

অনুষ্ঠানটি সাবিক পরিচালনা করেন শিকড় সমাজ কল্যাণ সংস্থার চুয়াডাঙ্গা জেলার সাধারণ সম্পাদক মিঠুন মাহমুদ

কোটচাঁদপুরে সনাতন ধর্মাবলম্বীদের সাথে এমপি’র শুভেচ্ছা বিনিময়

“ধর্ম যার যার উৎসব সবার” এই শ্লোগান কে সামনে রেখে শারদীয় দূর্গাপুজা উদ্যাপন উপলক্ষে সনাতন ধর্মাবলম্বীদের সাথে শুভেচ্ছা বিনিময় করেছেন ঝিনাইদহ-৩ আসনের সংসদ সদস্য অ্যাড. শফিকুল আজম খাঁন চঞ্চল।

শনিবার সকালে উপজেলা পূজা উদযাপন পরিষদের আয়োজনে স্থানীয় উপজেলা পরিষদ মিলনায়তনে এই শুভেচ্ছা বিনিময় অনুষ্ঠিত হয়।

উপজেলা পূজা উদযাপন পরিষদের সভাপতি নিমাই চন্দ্র দে”র সভাপতিত্বে সভায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ-৩ আসনের সংসদ সদস্য অ্যাড. শফিকুল আজম খাঁন চঞ্চল।

অনুষ্ঠানে প্রধান অতিথি পূজা মন্ডপে আগত সকলকে স্বাস্থ্যবিধি মেনে পূজা উদযাপন করার আহ্বান জানান।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসাবে বক্তব্য রাখেন, উপজেলা পরিষদের চেয়ারম্যান শরিফুনন্নেছা মিকি, উপজেলা নির্বাহী অফিসার আসাদুজ্জামান রিপন, থানার অফিসার ইনচার্জ মাহবুবুল আলম, পৌর মেয়র জাহিদুল ইসলাম, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান রিয়াজ হোসেন ফারুক, উপজেলা আ.লীগের সাধারণ সম্পাদক শাহাজান আলী, পৌর আ.লীগের যুগ্ম আহবায়ক সহিদুজ্জামান সেলিম ।

উপজেলা পূজা উদ্যাপন পরিষদের সাধারণ সম্পাদক রবীন্দ্রনাথ রায়ের সঞ্চালনায় অনুষ্ঠানে এসময় উপস্থিত ছিলেন, বাংলাদেশ হিন্দু বৌদ্ধ ঐক্য পরিষদের আহ্বায়ক দেবদাস ভট্রাচার্য, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা (অঃদাঃ) আব্দুল্লাহ-হেল-আল-মাসুদ, সাবেক মুক্তিযোদ্ধা কমান্ডার তাজুল ইসলাম, পৌর আওয়ামীলীগের আহ্বায়ক ফারজেল হোসেন মন্ডল,

উপজেলা আওয়মী লীগের সহ-সভাপতি নূরুল ইসলাম খাঁন বাবলু, ইউপি চেয়ারম্যান নওশের আলী নাসির, আব্দুল হান্নান, কাবিল উদ্দীন এবং বিভিন্ন পূজা মন্ডপের সভাপতি-সাধারণ সম্পাদক সহ সনাতন ধর্মাবলম্বী নেতা-কর্মীরা।

পরে উপজেলার ৪৫টি মন্দিরে অনুদান হিসাবে নগদ ২০ হাজার টাকা করে অর্থ তুলে দেন প্রধান অতিথি।

হরিণাকুণ্ডু পূজা মন্ডপ পরিদর্শনে আওয়ামী লীগ নেতা

সাইদুল করিম মিন্টু

ঝিনাইদহের হরিণাকুণ্ডু উপজেলার বিভিন্ন পূজা মন্ডপ পরিদর্শন করেছেন ঝিনাইদহ পৌরসভার মেয়র ও জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক সাইদুল করিম মিন্টু।

শনিবার সন্ধ্যায় তিনি হরিণাকুণ্ডুু পৌর এলাকার আদিবাসীপাড়া, চিথলিয়াপাড়া, শুড়া, হরিণাকুণ্ডু, ঋষিপাড়া সহ বিভিন্ন পূজা মন্ডপ পরিদর্শন করে সনাতন ধর্মাবলম্বী সম্প্রদায়ের মানুষের সাথে শুভেচ্ছা বিনিময় করেন ও তাদের মাঝে আর্থিক সহায়তা প্রদান করেন।

এসময় তার সাথে ছিলেন হরিণাকুণ্ডু উপজেলা পরিষদ চেয়ারমান মোঃ জাহাঙ্গীর হোসাইন, ইউএনও সৈয়দা নাফিস সুলতানা, হরিণাকুণ্ডু থানার অফিসার ইনচার্জ আব্দুর রহিম মোল্লা, ঝিনাইদহ সদর পৌর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক নজরুল ইসলাম,

জেলা আওয়ামী সেচ্ছাসেবক লীগের সাধারণ সম্পাদক সরোয়ার জাহান বাদশা, জেলা ছাত্রলীগের সভাপতি রানা হামিদ, ইউপি চেয়ারমান গোলাম মোস্তফা, ফজলুর রহমান, নাজমুল হুদা পলাশ, মোহাম্মদ আলী, ছমির উদ্দিন, রাকিবুল হাসান রাসেল, শরাফত দৌলা ঝন্টু প্রমুখ উপস্থিত ছিলেন।

ঝিনাইদহে নারী ও শিশু নির্যাতন প্রতিরোধে মতবিনিময় সভা

ঝিনাইদহে নারী ও শিশুর প্রতি লিঙ্গ ভিত্তিক নির্যাতন ও সহিংসতা প্রতিরোধে অভিভাবকদের সাথে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

শনিবার সকালে পুরুষ এবং ছেলেদের সংযুক্তি করণ নেটওয়ার্ককে শক্তিশালী করার মাধ্যমে বাংলাদেশের নারী ও শিশুদের প্রতি সহিংসতা হ্রাস করণ প্রকল্পের আওতায় ব্র্যাক এর সহযোগিতায় ও বাংলাদেশ রুরাল ইকোনমিক ডেভেলপমেন্ট ব্রেড এর আয়োজনে প্রভা সোসাইটির হল

রুমে এ মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে ব্র্যাক এর ঝিনাইদহ জেলা সমন্বয়ক রোকেয়া বেগম এর সভাপত্বিতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা’র প্রত্যাশা সামাজিক উন্নয়ন সংস্থার নির্বাহী পরিচালক মো: বিল্লাল হোসেন।

এ সময় তিনি বলেন, পরিবারের কাজ গুলো আমাদের নারী পুরুষ উভয়ই ভাগাভাগি করে করতে হবে, সন্তানদের সময় দিতে হবে, উভয় উভয়ের প্রতি সম্মান দেখাতে হবে।

এছাড়া বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, প্রভা সোসাইটির নির্বাহী পরিচালক এনামুল কবির।

শুভেচ্ছা বক্তব্য প্রদান করেন ব্রেড এর নির্বাহী পরিচালক মো: শহিদুল ইসলাম, প্রকল্প উপস্থাপন করেন ব্রেড এর প্রোগ্রাম অফিসার মেঘলা আক্তার। এছাড়া মুক্ত আলোচনায় অভিভাবকগণ অংশ গ্রহণ করেন।